অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/17/2019 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো বুশউইকের গুরুত্বপূর্ণ ব্রুকলিন (VITAL BROOKLYN) কমিউনিটি প্লেগ্রাউন্ড সম্পর্কে যুগান্তকারী ঘোষণা দেন

1.5 মিলিয়ন মার্কিন ডলারের P.S. 377 প্লেগ্রাউন্ডটি সেন্ট্রাল ব্রুকলিনে গভর্নর কুওমোর "ভাইটাল ব্রুকলিন" কমিউনিটি উন্নয়ন উদ্যোগ (Community Development Initiative) এর অংশ

স্টেটের "হেলথ অ্যাক্রশ অল পলিসিস (Health Across All Policies)" উদ্যোগকে সমর্থন করে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ 200 Woodbine Street, Bushwick, Brooklyn এ অবস্থিত P.S. 377 আলেজান্দ্রিনা বেনিটেয ডিগটিয়ার স্কুলে (Alejandrina Benitez DeGautier School) শিক্ষার্থীদের-নকশাকৃত একটি নতুন কমিউনিটি প্লেগ্রাউন্ড উদ্বোধনের ঘোষণা প্রদান করেন। 1.5 মিলিয়ন মার্কিন ডলারের প্লেগ্রাউন্ডটি গভর্নর কুওমোর সেন্ট্রাল ব্রুকলিনের বঞ্চিত অঞ্চলের কাছে প্রয়োজনীয় সম্পদ পৌঁছে দেয়ার একটি কমিউনিটি উন্নয়ন প্রকল্প, "ভাইটাল ব্রুকলিন" উদ্যোগের অংশ, যা বুশউইকের 34,189 বাসিন্দাদের তাদের বাড়ি থেকে 10 মিনিটের হাঁটা দূরত্বের মধ্যে সবুজ স্থানের সুবিধা প্রদান করবে।

"ভাইটাল ব্রুকলিন উদ্যোগের মাধ্যমে আমরা সবুজ স্থানের অ্যাক্সেস উন্নয়ন এবং সেন্ট্রাল ব্রুকলিনের দীর্ঘস্থায়ী সামাজিক, অর্থনৈতিক ও স্বাস্থ্যগত বৈষম্য দূরীকরণে সাহায্য করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপ নিয়েছি", **গভর্নর কুওমো বলেন।** "প্লেগ্রাউন্ড সেই অদম্য প্রচেষ্টারই এক গুরুত্বপূর্ণ উপাদান কারণ সেগুলো চুম্বকের মতো তরুণ পরিবারবর্গকে পার্কের প্রতি আকৃষ্ট করে এবং শিশুদের জীবনভর আউটডোর বিনোদন উপভোগে উৎসাহিত করে।"

"ভাইটাল ব্রুকলিন উদ্যোগের মাধ্যমে আমরা জীবনযাত্রার মানোন্নয়ন করে এবং ভবিষ্যতের জন্য ব্রুকলিনের রূপান্তর ঘটিয়ে এক নতুন পথে এগিয়ে যাচ্ছি", **লেফ্টেন্যান্ট গভর্নর ক্যাথি হোচুল বলেন।** "আধুনিক, নিরাপদ ও সহজগম্য প্লেগ্রাউন্ড ব্রুকলিনের পারিপার্শ্বিক অঞ্চল উন্নত করার এবং শিশুদের বিনোদনের সুযোগ করে দেয়ার আমাদের প্রচেষ্টার একটি কেন্দ্রীয় অংশ। এই প্রকল্প অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং শিশুদের ও পরিবারবর্গের জীবনযাত্রার মানোন্নয়ন করে অঞ্চলটিতে আমাদের উন্নয়ন প্রচেষ্টাকে অব্যাহত রাখছে।"

2017 সালে শুরু হওয়া গভর্নর কুওমোর "ভাইটাল ব্রুকলিন" উদ্যোগ নিউ ইয়র্ক স্টেটের সবচেয়ে অনগ্রসর কয়েকটি এলাকাকে লক্ষ্য হিসেবে নির্ধারণ করেছে। উদ্যোগটি সেন্ট্রাল ব্রুকলিন কমিউনিটির

উপর গুরুত্ব দিয়ে সবুজ স্থানের জরুরি প্রয়োজনীয়তা পূরণে এমন এক শহরে কাজ করছে যেখানে 73 শতাংশ নিম্ন-আয়ের এলাকা প্রতি 1,000 বাসিন্দার জন্য 2.5 একর পার্কল্যান্ড থাকা বিষয়ক শহরের নির্ধারিত মানদণ্ড পূরণ করতে ব্যর্থ হয়।

দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ড (The Trust for Public Land), নিউ ইয়র্ক রোড রানারস (New York Road Runners) এবং নিউ ইয়র্ক স্টেট পার্কস (New York State Parks) এর কর্মকর্তাগণ মঙ্গলবারে স্থানীয় ব্রুকলিন শিক্ষার্থী, শিক্ষক ও পরিবারবর্গের সাথে P.S. 377 আলেজান্দ্রিনা বেনিটেয ডিগটিয়ার স্কুলে শিক্ষার্থীদের-নকশাকৃত প্লেগ্রাউন্ডের নির্মাণকাজ আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের অনুষ্ঠানে যোগ দেন। 2020 সালের বসন্তে উন্মুক্ত হতে যাওয়া প্লেগ্রাউন্ডটিতে গাছপালা, ঘাসের চাপড়া, পূর্ববর্তী পেভার এবং অন্যান্য সবুজ অবকাঠামোগত উপকরণ অন্তর্ভুক্ত থাকবে যেগুলো ঝড়ের সময় এক ইঞ্চি পর্যন্ত বৃষ্টির পানি আটকাতে পারবে। প্লেগ্রাউন্ডটির নকশা শিক্ষার্থীদের দিয়ে করানো হয়েছে, যা তাদের বাজেট করা, দর কষাকষি এবং পরিবেশ বিজ্ঞানের মতো জীবন দক্ষতা ও মূল্যবান জ্ঞান অর্জনে সাহায্য করেছে।

ভারপ্রাপ্ত স্টেট পার্কস কমিশনার এরিক কুলেসেইড বলেন, "প্লেগ্রাউন্ডগুলো কেবল গুরুত্বপূর্ণ কমিউনিটি রিসোর্সই নয় বরং সেগুলো সবুজ আদর্শ মাথায় রেখে বিচক্ষণতার সাথে নকশা করা হয়েছে। প্রতিটি ভাইটাল ব্রুকলিন প্লেগ্রাউন্ড নিউ ইয়র্ক সিটিকে উন্নত করে এবং এই খালি স্থানগুলোকে নিউ ইয়র্কবাসীদের জন্য স্পন্দনশীল সবুজ স্থানে পরিণত হতে দেখে আমি রোমাঞ্চিত। আমি দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ড, নিউ ইয়র্ক রোড রানারস এবং নিউ ইয়র্ক সিটি স্কুলগুলোতে থাকা আমাদের অংশীদারগণকে এই গুরুত্বপূর্ণ উদ্যোগ এগিয়ে নেওয়ার জন্য ধন্যবাদ জানাচ্ছি।"

কার্টার স্ট্রিকল্যান্ড, দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ড এর নিউ ইয়র্ক স্টেট ডিরেক্টর, বলেন, "ব্রুকলিন এবং বৃহত্তর নিউ ইয়র্কের প্রত্যেক বাসিন্দা বাড়ি থেকে 10 মিনিটের হাঁটা দূরত্বে ভালভাবে রক্ষণাবেক্ষণকৃত সবুজ স্থানের অ্যাক্সেস পাওয়ার অধিকার রাখেন। শরীরচর্চা, বিনোদন এবং কমিউনিটি-বিল্ডিং এর প্রয়োজনীয় স্থান প্রদানের মাধ্যমে পার্কগুলো সমগ্র কমিউনিটির অবস্থার উন্নয়ন ঘটায়। গভর্নর কুওমোর অগ্রগামী প্রকল্পকে সামনে এগিয়ে নেয়ার উদ্দেশ্যে স্টেটের সাথে কাজ করার মাধ্যমে আমরা সেন্ট্রাল ব্রুকলিনে আরো গুরুত্বপূর্ণ সবুজ স্থান সৃষ্টির প্রত্যাশা রাখি।"

মাইকেল ক্যাপিরাসো, নিউ ইয়র্ক রোড রানারের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা, বলেন, "নিউ ইয়র্ক রোড রানার আমাদের মুক্ত রাইজিং নিউ ইয়র্ক রোড রানারস (Rising New York Road Runners) প্রকল্পের আওতায় দৌড়ানো ও খেলার জন্য তরুণদের একটি আউটডোর স্থান প্রদানের উদ্দেশ্যে P.S. 377 এ এই প্লেগ্রাউন্ড নির্মাণের ক্ষেত্রে দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ডের অংশীদার হতে পেরে গর্বিত। আমরা 2016 সাল থেকে দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ডের সাথে পাঁচটি বারার সবকটিতে প্লেগ্রাউন্ড নির্মাণে কাজ করে আসছি, কারণ সকলেরই অধিকার আছে একটি সুন্দর, নিরাপদ কমিউনিটি পার্কের অ্যাক্সেস পাওয়ার।"

কংগ্রেসওম্যান নিদিয়া ভেলাজকোয়েজ বলেন, "প্লেগ্রাউন্ড, পার্ক এবং সবুজ স্থানসমূহ কমিউনিটির এক গুরুত্বপূর্ণ অংশ যা শিশুদের খেলাধুলা ও ভ্রমণে উৎসাহিত করে। গভর্নর কুওমোর নেতৃত্বে আমরা সেন্ট্রাল ব্রুকলিনে আরো বেশি বেশি প্লেগ্রাউন্ড প্রতিষ্ঠা করছি, ভাইটাল ব্রুকলিনের সর্বজনীন

প্রচেষ্টার মাধ্যমে আমাদের সব পরিবার, বন্ধুবান্ধব ও প্রতিবেশীর জন্য অধিকতর স্বাস্থ্যসম্মত কমিউনিটি সৃষ্টি করছি। আমি এই নতুন প্লেগ্রাউন্ডটি উন্মুক্ত হওয়ার প্রতীক্ষায় রয়েছি যেটি সত্যিই আশেপাশের এলাকার শোভাবর্ধন করবে।"

সেনেটর জুলিয়া সালাজার বলেন, "নিউ ইয়র্ক সিটির অন্যান্য কমিউনিটিগুলোর তুলনায় বুশউইক এর মতো নিম্ন-আয়ের কালারড কমিউনিটিগুলো ঐতিহাসিকভাবে সবুজ স্থানের অ্যাক্সেস থেকে বঞ্চিত হয়ে আসছে। এই বাস্তবতার সাথে সাথে কালারড মানুষদের বঞ্চিত করার আরো অনেক উপায় আমাদের সমাজে বিদ্যমান রয়েছে। আমি আনন্দিত যে গভর্নর কুওমো এবং নিউ ইয়র্ক স্টেট পার্কস এই অবিচার সংশোধনের পদক্ষেপ গ্রহণ করছে এবং আমি তাদের সাথে নিউ ইয়র্ক স্টেটের প্রান্তিক কমিউনিটিগুলোর জন্য সুবিস্তৃত সাম্যতা প্রতিষ্ঠায় কাজ করার প্রত্যাশা রাখি।"

এসেম্বলি সদস্য এরিক এম. ডিলান বলেন, "বুশউইকের শিশুদের তাদের পক্ষে পাওয়া সম্ভব এমন সব সবুজ স্থানের প্রয়োজন রয়েছে। P.S. 377 এর শিক্ষার্থী ও কমিউনিটির জন্য একটি নতুন প্লেগ্রাউন্ড প্রদানের উদ্দেশ্যে গভর্নর কুওমোর সাথে ভাইটাল ব্রুকলিনে কাজ করতে পেরে আমি গর্বিত।"

এসেম্বলি সদস্য মারিযা ডেভিলা বলেন, "পার্ক এবং খোলামেলা জায়গা আমাদের তরুণদের স্বাস্থ্যবান প্রাপ্তবয়স্কতে পরিণত হওয়ার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ। আমাদের বুশউইকের কমিউনিটির বাসিন্দাদের জন্য এই অতি প্রয়োজনীয় প্লেগ্রাউন্ডের ব্যবস্থা করায় আমি গভর্নর কুওমো এবং ভাইটাল ব্রুকলিন উদ্যোগকে ধন্যবাদ জানাই।"

ব্রুকলিন বারা (Brooklyn Borough) এর প্রেসিডেন্ট এরিক এল. অ্যাডামস বলেন, "সবুজ স্থানের অ্যাক্সেস একটি গুরুত্বপূর্ণ বিষয় যা আশেপাশের অঞ্চল সমৃদ্ধ হতে সাহায্য করে কিন্তু এখনো অনেক নিম্ন-আয়ের কমিউনিটির হাঁটা দূরত্বের মধ্যে স্থানীয় বাগান বা প্লেগ্রাউন্ড নেই। এ অবস্থার পরিবর্তন করতে হবে। ব্রুকলিনজুড়ে এই রিসোর্সগুলো পৌঁছে দেয়া এবং আমরা আমাদের বারা এবং আমাদের শহরের ভবিষ্যতে বিনিয়োগ করছি তা নিশ্চিত করার কাজে ভাইটাল ব্রুকলিনের অংশীদার হতে পেরে আমি গর্বিত। এছাড়াও আমাদের উচিত শহুরে কৃষির সুযোগ সম্প্রসারিত করার জন্য বিদ্যমান সম্পদ ব্যবহারের সম্ভাবনা খতিয়ে দেখা। সকল বাসিন্দার জন্য সুস্থতর, অধিকতর সমৃদ্ধ ব্রুকলিন নির্মাণ অব্যাহত রাখতে আমি গভর্নর কুওমোর সাথে কাজ করার প্রত্যাশা রাখি।"

নিউ ইয়র্ক সিটি কাউন্সিল সদস্য রাফায়েল এসপিনাল, জুনিয়র বলেন, "এটি রোমাঞ্চকর সংবাদ যে ভাইটাল ব্রুকলিন উদ্যোগের কল্যাণে বুশউইক কমিউনিটি এবং বিশেষত শিশুরা শীঘ্রই আউটডোর বিনোদনের জন্য নিরাপদ সবুজ স্থানের অ্যাক্সেস উপভোগ করার মতো একটি জায়গা পাবে। P.S. 377 এর শিক্ষার্থী ও আশেপাশের অঞ্চলের জন্য এটি কার্যক্রমের এক যথোপযুক্ত কেন্দ্রস্থল।"

P.S. 377 প্লেগ্রাউন্ডটি নির্মিত হবে দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ডের নিউ ইয়র্ক সিটি প্লেগ্রাউন্ড প্রকল্পের সহায়তায়। 1996 সাল থেকে দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ডের নিউ ইয়র্ক সিটি প্লেগ্রাউন্ড প্রকল্প শহরের সাথে একসাথে কাজ করে পাঁচটি বারাতে প্রায় 200 এর বেশি স্কুল ও কমিউনিটি

প্লেগ্রাউন্ড নকশা বা/ও নির্মাণ করেছে। শিক্ষার্থীদের পরিষেবা দেয়ার পাশাপাশি, নিউ ইয়র্ক সিটির সব প্লেগ্রাউন্ড জনসাধারণের জন্য ছুটির দিনগুলোয়, স্কুলের পর এবং স্কুলের বিরতির সময় উন্মুক্ত থাকে যাতে শিশু ও প্রাপ্তবয়স্করা উভয়েই শারীরিকভাবে সক্রিয় থাকার সুযোগ পান। প্রকল্পটি 160 একরের বেশি অতিরিক্ত প্লেগ্রাউন্ড স্থান যুক্ত করেছে যার মাধ্যমে প্রায় 4 মিলিয়ন মানুষ পরিষেবা পাচ্ছেন, যারা এই স্থানগুলোর কোনো একটির 10 মিনিট হাঁটা দূরত্বে বাস করেন।

দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ড এর পার্কগুলো সবুজ অবকাঠামোগত উপকরণ যেমন পূর্ববর্তী পেভার এবং সুনির্দিষ্টভাবে বাছাইকৃত গাছপালা স্থাপন করেছে। সবুজ অবকাঠামোর কথা বিবেচনা করে পার্ক নির্মাণ করা বড় ধরনের ঝড় থেকে নিউ ইয়র্ক সিটির প্রতিরক্ষাকে উন্নত করতে সাহায্য করে।

ঝড়ের প্রবাহ নিউ ইয়র্ক সিটির পানি নিষ্কাশন ব্যবস্থাকে পরিপূর্ণ করে ফেলে এবং অপরিশোধিত পানি নদী ও সমুদ্রে নিয়ে ফেলে যা পরিবেশের ক্ষতি সাধন করে। P.S. 377 এর প্লেগ্রাউন্ডটি ঝড়ের সময় এক ইঞ্চি পর্যন্ত বৃষ্টির পানি আটকাতে পারবে যার ফলে পানি রাস্তা ও ডাউন স্টর্ম ড্রেইনে গিয়ে পড়বে না। এছাড়াও, রোপণকৃত বৃক্ষগুলো কংক্রিট রাস্তার গ্রিডের মাঝখানে ছায়ার ব্যবস্থা করে এবং বায়ুর মান উন্নত করার মাধ্যমে নিউ ইয়র্ক সিটির জলবায়ুর উন্নতি সাধন করবে।

গভর্নর কুওমোর 1.4 বিলিয়ন মার্কিন ডলারের ভাইটাল ব্রুকলিন উদ্যোগ আটটি একীভূত অঞ্চল সনাক্তকরণ ও সেখানে দীর্ঘস্থায়ী বৈষম্য, যেমন পদ্ধতিগত সহিংসতা এবং উচ্চ-অভাবী কমিউনিটিগুলোয় প্রোথিত দারিদ্র্য, মোকাবেলায় এক জাতীয় দৃষ্টান্ত স্থাপনে সাহায্য করবে এমন বিনিয়োগ করার মাধ্যমে সেন্ট্রাল ব্রুকলিন অঞ্চলকে রূপান্তর করতে চায়। বিস্তৃত পরিকল্পনায় উন্মুক্ত স্থান ও বিনোদনের অ্যাক্সেস বৃদ্ধি করাকে লক্ষ্য হিসেবে নির্ধারণ করা হয়েছে, যার মধ্যে শার্লি চিশম, ব্রুকলিনে জন্ম গ্রহণ করা একজন ট্রেইলব্লেজার, যিনি প্রথম আফ্রিকান আমেরিকান কংগ্রেসওম্যান, সেই সাথে প্রেসিডেন্ট পদপ্রার্থী প্রথম নারী ও আফ্রিকান আমেরিকান ছিলেন, এর সম্মানে নামকরণকৃত নতুন 407-একরের স্টেট পার্কটি চালু করা অন্তর্ভুক্ত রয়েছে। অধিকন্তু, আটটি স্কুলইয়ার্ডকে কমিউনিটি প্লেগ্রাউন্ড ও উন্মুক্ত স্থানে রূপান্তরের জন্য 10.6 মিলিয়ন মার্কিন ডলার, প্রায় দুই ডজন কমিউনিটি গার্ডেন রূপান্তরের জন্য 3.1 মিলিয়ন মার্কিন ডলার এবং সেন্ট্রাল ব্রুকলিনের চারটি বিনোদন কেন্দ্র সম্প্রসারিত করতে 1.8 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হচ্ছে।

ভাইটাল ব্রুকলিন গভর্নর কুওমোর "হেলথ অ্যাক্রস অল পলিসিজ/বয়স বান্ধব নিউ ইয়র্ক" নির্বাহী আদেশ বাস্তবায়নে সহায়তা করে, যা স্টেট এজেন্সিগুলোকে সংশ্লিষ্ট সকল প্রকল্প ও পলিসিতে বয়স- ও স্বাস্থ্য- বান্ধব কমিউনিটির নীতিমালা অনুসরণের নির্দেশনা দেয়। বিশেষত, ভাইটাল ব্রুকলিন স্বাস্থ্যকর খাবার, নিরাপদ ও পরিষ্কার আউটডোর পাবলিক স্থানের অ্যাক্সেস পাওয়া এবং আউটডোর বিনোদনের সুযোগ প্রসারিত করায় সহায়তা করে।

P.S. 377 প্লেগ্রাউন্ডটি ভাইটাল ব্রুকলিন উদ্যোগ, শিক্ষা বিভাগ (Department of Education), স্কুল নির্মাণ কর্তৃপক্ষ (School Construction Authority), নিউ ইয়র্ক রোড রানারস এবং দ্য ট্রাস্ট ফর পাবলিক ল্যান্ড এর অংশীদারিত্বের মাধ্যমে বাস্তবায়ন সম্ভব হয়েছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন